



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৯.২০২৩-১৪১
তারিখ: ১১ আশ্বিন ১৪৩০
২৬ সেপ্টেম্বর ২০২৩

বিষয়:

দর্শনা পৌরসভার হোল্ডিং ট্যাক্স, হাট-বাজারের ইজারা, এডিপি'র অর্থায়নে প্রকল্প গ্রহণ ও কর্মচারীদের বেতন-ভাতা বকেয়ার তথ্য প্রেরণ।

সূত্র:

ডিডিএলজি, চুয়াডাঙ্গা এর স্মারক নং-৩৭৪, তারিখ: ০৩/০৮/২০২৩খিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে দর্শনা পৌরসভার নিম্নবর্ণিত তথ্যাদি পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:-

(ক) বাংলা ১৪২৯ ও ১৪৩০ সনের হাট-বাজারের খাস কালেকশনের অর্থ বিদ্যমান নীতিমালা অনুযায়ী সরকারি কোষাগারে জমা না করার কারণ উল্লেখসহ সংশ্লিষ্ট খাতে হাটওয়ারি অর্থ বিভাজনের /জমার প্রমাণকসহ তথ্যাদি;

(খ) গত ২০২২-২৩ অর্থ বছরে দর্শনা পৌরসভার বকেয়া হোল্ডিং ট্যাক্স ১ কোটি ৪২ লক্ষ (প্রায়) টাকা আদায়ে গৃহিত উদ্যোগসহ আপডেট তথ্যাদি;

(গ) পৌরসভার পেন্ডিং ৩৮টি অডিট আপত্তির নিষ্পত্তি বিষয়ে গৃহিত কার্যক্রমের প্রমাণকসহ তথ্যাদি;

(ঘ) পৌর কর্মকর্তা-কর্মচারীদের গত অক্টোবর, ২০২২ হতে বেতন-ভাতা বন্ধের সুস্পষ্ট কারণ (আয়-ব্যয়ের প্রমাণকসহ); এবং

(ঙ) গত ২০২২-২৩ অর্থ বছরে প্রাপ্ত এডিপি'র অর্থায়নে গৃহিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি।

২৬-৯-২০২৩

মেয়র, দর্শনা পৌরসভা, চুয়াডাঙ্গা।

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ০২-৫৫১০১৩০৯

ইমেইল: monitoring2lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৯.২০২৩-১৪১/১

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০
২৬ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ২) জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ৩) উপপরিচালক, স্থানীয় সরকার, চুয়াডাঙ্গা (বিষয়টি ফলোআপ করার অনুরোধসহ)।
- ৪) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৬) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ
- ৭) যুগ্মসচিব (মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ



২৬-৯-২০২৩

মোঃ শাহজালাল
সহকারী সচিব